# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১২৩

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ যে হাদীস হাদীস বিষয়ে অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, হাদীসটি হয়তো ক্রটিযুক্ত

ذِكْرُ خَبَرٍ أَوْهَمَ غَيْرَ الْمُتَبَحِّرِ فِي صِنَاعَةِ الْحَدِيثِ أَنَّ هَذَا الْخَبَرَ مَعْلُولٌ

আরবী

1123 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا النَّضْرُ بْنُ شُمَيْلٍ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ عَنْ سِمَاكٍ قَالَ: سَمِعْتُ أَبَا ثَوْرِ بْنَ عِكْرِمَةَ بْنِ جَابِرِ بْنِ سَمُرَةَ عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ
أَنَّهُ سُئِلَ عَنِ الصَّلَاةِ فِي مَبَاتِ الْغَنَمِ فرخَّص فِيهَا وسُئِلَ عَنِ الصَّلَاةِ فِي مَبَاتِ الْإِبِلِ فَنَهَى عَنْهَا وَسُئِلَ عَنِ الْوُضُوءِ مِنْ لُحُومِ الْغَنَمِ فَقَالَ: (إِنْ شِئْتَ فَتَوَضَّأْ وَإِنْ شئت فلا تتوضأ)

الراوي : جَابِر بْن سَمُرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1123 | خلاصة حكم المحدث:. صحيح.

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: أَبُو ثور بن عكرمة بن جابر بن سمرة: اسْمُهُ جَعْفَرٌ وَكُنْيَةُ أَبِيهِ: أَبُو ثَوْرٍ فَجَعْفَرُ بْنُ أَبِي ثَوْرٍ هُوَ: أَبُو ثَوْرِ بْنُ عِكْرِمَةَ بْنِ جَابِرِ بْنِ سَمُرَةَ رَوَى عَنْهُ عُثْمَانُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ مَوْهَبٍ وَأَشْعَثُ بْنُ أَبِي الشَّعْثَاءِ وَسِمَاكُ بْنُ حَرْبٍ فَمَنْ لَمْ يُحْكِمْ صِنَاعَةَ الْحَدِيثِ تَوَهَّمَ أَنَّهما رَجُلَانِ مَجْهُولَانِ فَتَفَهَّمُوا رَحِمَكُمُ اللَّهُ كَيْلَا تُغَالِطُوا فِيهِ.

বাংলা

১১২৩. জাবির বিন সামুরাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করা হয়, মেষ রাত্রি যাপন করার জায়গায় সালাত আদায় করা প্রসঙ্গে, অতঃপর তিনি তাতে অনুমতি দেন। অতঃপর তাঁকে জিজ্ঞেস করা হয়, উট রাত্রি যাপন করার জায়গায় সালাত আদায় করা প্রসঙ্গে, অতঃপর তিনি তা নিষেধ করেন। তারপর তাঁকে জিজ্ঞেস করা হয়, মেষের গোশত খেয়ে ওযূ করা প্রসঙ্গে, জবাবে

তিনি বলেন, “তুমি যদি চাও, তবে ওযূ করো, আর যদি তুমি চাও, তাহলে ওযূ করবে না।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “আবূ সাওর বিন ইকরামা বিন জাবির বিন সামুরাহর নাম জা‘ফার, তার বাবার উপনাম আবূ সাওর। সুতরাং জা‘ফার বিন আবূ সাওর হলেন আবূ সাওর বিন ইকরামা বিন জাবির বিন সামুরাহ, তার কাছ থেকে হাদীস বর্ণনা করেছেন উসমান বিন আব্দুল্লাহ বিন মাওহাব, আশ‘আশ বিন আবূ শা‘সা‘ এবং সিমাক বিন হারব। যে ব্যক্তি হাদীস বিষয়ে মজবুত ইলম অর্জন করেননি, তিনি কোন কোন সময়ে এই বিষয়ে সংশয়ে পড়ে যান যে, হয়তো তারা দুইজন অজ্ঞাত ব্যক্তি। কাজেই তোমরা এটা ভালভাবে বুঝে নাও। আল্লাহ তোমাদের প্রতি রহম করুন। যাতে তোমরা ভ্রান্তিতে নিপতিত না হও।”

## ফুটনোট

[1] যাওয়ায়েদে মুসনাদ আহমাদ: ৫/১০০; তায়ালিসী: ১/৫৭; তাবারানী: ১৮৬৩; ইবনুল জারুদ: ২৫; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/৭০; সহীহ মুসলিম: ৩৬০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ১১৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু সামুরাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90436

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন